



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

এন্টি টেররিজম ইউনিট

বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৪২/২০

তারিখঃ ১৬ অক্টোবর ২০২০খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

রাজধানীতে এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক পৃথক অভিযানে অনলাইন সম্মেলনের প্রচারপত্র বিলিকালে প্রচার কাজে জড়িত নিষিদ্ধঘোষিত সংগঠন হিববুত তাহরীর এর ০৬ সক্রিয় সদস্য এবং আনসারুল্লাহ বাংলা টিম এর এক সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ১৫ অক্টোবর ২০২০ তারিখ বিকেল হতে অভিযান পরিচালনা করে ঢাকা মহানগরীর নর্দা, ভাটারা ও বসুন্ধরা আবাসিক এলাকা থেকে নিষিদ্ধ জঙ্গি সংগঠন হিববুত তাহরীর এর ০৬ সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্যরা হলো- ১। মোঃ সোহেল (২৯), পিতা- আঃ মালেক মোল্লা, মাতা ফিরোজা বেগম, স্থায়ী ঠিকানা- সাং- চর ধুপুরিয়া, পোস্ট- কাজিরহাট, থানা- জাজিরা, জেলা- শরিয়তপুর ২। নূর মোহাম্মদ @ অরুন @ নূর (৩০), পিতা- মৃত সেলিম ভূঁইয়া, মাতা- রাহেনা বেগম, সাং- দিলশাদপুর, পোস্ট- রাধাপুর, থানা ও জেলা- লক্ষীপুর ৩। মোঃ ইব্রাহিম খলি উল্লাহ (২১), পিতা- আব্দুল মালেক, মাতা- নূরজাহান বেগম, সাং- ব্যাংকের হাট বেদুরিয়া, পোস্ট- ভোলা, থানা ও জেলা- ভোলা ৪। অর্ঘব হাসান (২১), পিতা- মৃত মোঃ রহমান মোল্লা, মাতা- ফয়জুল্লেসা, সাং- চন্দ্রপাড়া, ইউনিয়ন- সদরপুর, থানা- সদরপুর, জেলা- ফরিদপুর ৫। মোঃ সাইফুর রহমান (বাবর) (৩০), পিতা- মৃত মোঃ দেলোয়ার হোসেন, মাতা- আনোয়ারা বেগম, সাং- গোবিন্দপুর, পোস্ট- আমিনবাগ, থানা- চাটখিল, জেলা- নোয়াখালী ৬। নূর মোহাম্মদ শাকিল (২৬), পিতা- নূরুজ্জামান, মাতা- নূরজাহান, ঠিকানা- ক ৪০/সি নর্দা সরকার বাড়ি, মৃত ডাঃ নূরুল মতিনের বাসার ভাড়াটিয়া। গ্রেফতারকালে তাদের নিকট থেকে ০৬ টি এন্ড্রয়েড মোবাইল সেট, ০৩ টি বাটন মোবাইল সেট ও অনলাইন সম্মেলনের ২৬টি পোস্টার জব্দ করা হয়। গ্রেফতারকৃত সদস্যরা খিলাফত রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে দীর্ঘদিন যাবত প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্র করে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল।

অপর একটি অভিযানে ১৫ অক্টোবর ২০২০ তারিখ আনুমানিক ২২.৩০ ঘটিকার সময় অনলাইনে উগ্রবাদ প্রচার ও মাননীয় প্রধানমন্ত্রী'কে নিয়ে অপপ্রচার এর অভিযোগে ঢাকা মহানগরীর গাবতলী বাস স্ট্যান্ড এলাকা থেকে আনসারুল্লাহ বাংলা টিম এর এক সক্রিয় সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্য হলো- মোঃ সোহেল রানা @ সাইদুল ইসলাম সোহেল @ সোহেল (২৬), পিতা- মোঃ নাসির উদ্দিন, মাতা- মোছাঃ আজিনা বেগম রানী, স্থায়ী ঠিকানা সাং- মাদারেরটারী, ইউপি- পূর্ব রামখানা, থানা- নাগেশ্বরী, জেলা- কুড়িগ্রাম, বর্তমান সাং- কুমিল্লা দারুস সুল্লাহ দনিয়া একাডেমী, ছাতিপট্টি, থানা- কোতোয়ালী, জেলা- কুমিল্লা। গ্রেফতারকালে তার নিকট থেকে ০১ টি এন্ড্রয়েড মোবাইল সেট, ০১ টি বাটন মোবাইল সেট, ০৬ টি বিভিন্ন অপারেটরের সীম কার্ড, ০১ টি পেনড্রাইভ ও পিডিএফ আকারের বিভিন্ন উগ্রবাদী ও উস্কানীমূলক কনটেন্ট উদ্ধার করা হয়। গ্রেফতারকৃত সদস্য 'গাজওয়াল হিন্দ' প্রতিষ্ঠার লক্ষ্যে দীর্ঘদিন যাবত অনলাইন প্রচারণা সহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্র করে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল।

উগ্রবাদী কার্যক্রমে সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার জন্য ফেসবুকে গোপনে গ্রুপ খোলা ও বাংলাদেশের শান্তি-শৃঙ্খলা বিনষ্ট করাসহ দেশের নিরাপত্তা, স্বাধীনতা, সার্বভৌমত্ব বিনষ্ট, রাষ্ট্রের গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ ধ্বংস ও সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট করে দেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রে লিপ্ত থাকার দায়ে গ্রেফতারকৃত হিববুত তাহরীর এর আসামীদের বিরুদ্ধে ভাটারা থানার মামলা নং- ৪৪, তারিখ-১৬/১০/২০২০ খ্রিঃ, সন্ত্রাসবিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর ৮/৯/(৩)/১০/১১/১২/১৩ ধারা এবং আসামী মোঃ সোহেল রানা এর বিরুদ্ধে দারুস সালাম থানার মামলা নং- ১৬, তারিখ- ১৬/১০/২০২০ খ্রিঃ, সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর ৮/৯/১০/১৩ ধারায় মামলা রুজু করা হয়েছে।


১৮/০৯/২০২০

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট
বাংলাদেশ পুলিশ, ঢাকা।